

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৪ আষাঢ় ১৪২২ বঙ্গাব্দ/০৮ জুলাই ২০১৫ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২২৯-আইন/আয়কর/২০১৫।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর subsection (4) এর Clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮নং আইন) এর ধারা ২০ অনুসারে নিয়োগকৃত ডেভেলপারকে পার্কে পরিচালিত উহার ব্যবসায়িক কার্যক্রম হইতে উদ্ধৃত সকল প্রকার আয়ের উপর প্রদেয় আয়কর হইতে ব্যবসায়িক কার্যক্রম শুরু তারিখ হইতে প্রথম ১০ বৎসর ১০০%, ১১তম বৎসর ৭০%, ১২ তম বৎসর ৩০% হারে নিম্নরূপ শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

শর্তসমূহ

- (১) ডেভেলপারকে উক্ত Ordinance এর section (2) এর sub-section (20) অনুসারে কোম্পানী হইতে হইবে;
- (২) ডেভেলপারকে Tax-payers Identification Number (TIN) গ্রহণ করিতে হইবে; এবং
- (৩) উক্ত Ordinance এর section (35) অনুযায়ী যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

ব্যাখ্যা: এই প্রজ্ঞাপনে “ব্যবসায়িক কার্যক্রম শুরু” বলিতে পার্কে ডেভেলপার কোম্পানী যে তারিখে ব্যবসা হইতে আয় প্রাপ্ত হইবে বা অর্জন শুরু করিবে সেই তারিখকে বুঝাইবে।

Bangladesh Tax Update  
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)

সচিব